

বারি মোবাইল অ্যাপস



এএসআইসিটি বিভাগ
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর- ১৭০১

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের মোবাইল অ্যাপস “কৃষি প্রযুক্তি ভান্ডার”

সম্প্রতি বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি সমূহের তথ্য দিয়ে “কৃষি প্রযুক্তি ভান্ডার” নামে একটি মোবাইল অ্যাপস তৈরী করা হয়েছে। মূলত এটি বারি কৃষি প্রযুক্তি ভিত্তিক একটি মোবাইল অ্যাপলিকেশন। এই অ্যাপসটি স্মার্টফোন ব্যবহারকারীরা তাদের মোবাইল হ্যান্ডসেট এ ব্রাউজ করে তথ্য নিতে পারবেন। এই অ্যাপসটির মাধ্যমে বারি কর্তৃক উদ্ভাবিত ফসলের উৎপাদন প্রযুক্তি, বিশেষ করে রোগবালাই, পোকামাকড় ও সার ব্যবস্থাপনাসহ যাবতীয় তথ্য পাওয়া যাবে। অধিকতর তথ্যের জন্য বারি উদ্ভাবিত প্রযুক্তি সংক্রান্ত প্রশ্ন জানাতে পারবেন। সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর এসএমএস ও ই-মেইল এ পাওয়া যাবে। এছাড়াও অ্যাপসের উত্তর/মতামত অপশনেও উত্তর পাওয়া যাবে। প্রয়োজনে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সাথে ফ্রি কলের (১৬১২৩) মাধ্যমে পরামর্শ নেয়া যাবে। ফলে বারি কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তি সমূহের তথ্য বিনামূল্যে, স্বল্প সময়ে ও সহজে কৃষকের দোরগোড়ায় পৌঁছাবে।

এই অ্যাপসটি BARI Application “কৃষি প্রযুক্তি ভান্ডার” নামে Google Play Store হতে **Android base mobile-** এ ডাউনলোড করে অফ লাইনে ব্যবহার করা যাবে।

এছাড়াও Online এ স্মার্টফোন (**android / windows / iOS**) এর ব্রাউজারে baritechnology.org/m ঠিকানা থেকে মোবাইল অ্যাপসটি ব্যবহার করা যাবে।